# বাংলা একাডেমি আয়োজিত
# অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫

বাংলা একাডেমি

# বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫

অমর একুশে বইমেলা ২০২৪ নীতিমালা ও নিয়মাবলি রহিত করে সংশোধনসহ এটি পুনঃপ্রণয়ন ও সংহত করার উদ্দেশ্যে প্রণীত নীতিমালা

অমর একুশে বইমেলা ২০২৪ এর নীতিমালা ও নিয়মাবলি রহিত করে সংশোধনসহ এটি পুনঃপ্রণয়ন ও সংহত করার প্রয়োজন হওয়ায় বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ২৪.১ (খ) ধারা অনুযায়ী অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫ প্রণয়ন করা হলো :

১. সংক্ষিপ্ত শিরোনাম

এই নীতিমালা 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হবে।

২. এই নীতিমালা অমর একুশে বইমেলার জন্য প্রযোজ্য হবে। তবে প্রয়োজনে সময় সময় উদ্ভূত পরিস্থিতিতে সংশোধন ও সংযোজন করা যাবে।

৩. সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে, এই নীতিমালায়–

ক. 'একাডেমি' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ৩-এর অধীন প্রতিষ্ঠিত বাংলা একাডেমি;

খ. 'নীতিমালা' অর্থ বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫;

গ. 'নির্বাহী পরিষদ' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ২৩-এর অধীন গঠিত নির্বাহী পরিষদ;

ঘ. 'মহাপরিচালক' অর্থ বাংলা একাডেমি আইন, ২০১৩-এর ধারা ২৬-এর অধীন নিযুক্ত একাডেমির মহাপরিচালক;

ঙ. 'সভাপতি' অর্থ ধারা ৫.২-এর অধীন নিযুক্ত কমিটির সভাপতি;



চ. 'পরিচালনা কমিটি' অর্থ ধারা ৫-এর অধীন গঠিত অমর একুশে বইমেলা পরিচালনা কমিটি;

ছ. 'কার্যালয়' অর্থ ধারা ৭-এর অধীন স্থাপিত কার্যালয়;

জ. 'স্টল' অর্থ অমর একুশে বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত স্টল, প্যাভিলিয়ন, লিটলম্যাগ স্টল;

ঝ. 'পূর্ববর্তী বছর' অর্থ গ্রেগোরীয় বর্ষপঞ্জি অনুযায়ী যে বছর মেলা অনুষ্ঠিত হবে তার আগের বছর;

ঞ. 'নতুন বই' অর্থ পূর্ববর্তী বছর ১লা মার্চ হতে বইমেলা আয়োজনের বছরের ফেব্রুয়ারি মাসব্যাপী প্রকাশিত বই;

ট. 'কর্তৃপক্ষ' অর্থ বাংলা একাডেমি কর্তৃপক্ষ;

ঠ. 'সদস্য-সচিব' অর্থ ধারা ৫.৩-এর অধীন নিযুক্ত কমিটির সদস্য-সচিব;

ড. 'বইমেলা প্রাঙ্গণ' অর্থ বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহ্‌রাওয়ার্দী উদ্যান/বইমেলার জন্য নির্ধারিত স্থান;

ঢ. 'লিটলম্যাগ' অর্থ লিটল ম্যাগাজিন বোঝাবে;

৪. লক্ষ্য ও উদ্দেশ্য

ক. জ্ঞান ও বুদ্ধিবৃত্তিক জাতি গঠনের লক্ষ্যে প্রতিবছর 'অমর একুশে বইমেলা' আয়োজন।

খ. ভাষা-চেতনা ও একুশের চেতনা জাগরূক রাখা, গ্রন্থপাঠে উদ্বুদ্ধকরণ, বাংলা ভাষা-সাহিত্য-সংস্কৃতি-ঐতিহ্য এবং চিন্তা-চেতনার মানসম্পন্ন চর্চার প্রচার ও প্রসার এবং দেশীয় প্রকাশনা শিল্পকে পৃষ্ঠপোষকতা প্রদান।

৫. বইমেলা পরিচালনা কমিটি

৫.১ বইমেলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য 'অমর একুশে বইমেলা পরিচালনা কমিটি' নামে একটি কমিটি থাকবে।

৫.২ পরিচালনা কমিটির গঠন নিম্নরূপ হবে :

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, বাংলা একাডেমি | সভাপতি |
| ২. | সদস্য, নির্বাহী পরিষদ (মহাপরিচালক মনোনীত) | সদস্য |
| ৩. | সাংস্কৃতিক ব্যক্তিত্ব অনধিক ০৬ জন (মহাপরিচালক মনোনীত) | সদস্য |
| ৪. | বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি ০১ জন | সদস্য |
| ৫. | ছাত্র প্রতিনিধি ০২ জন | সদস্য |
| ৬. | প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ৭. | অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |

৮. মহাপরিচালক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সদস্য
৯. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর সদস্য
১০. রেজিস্ট্রার অব কপিরাইট, বাংলাদেশ কপিরাইট অফিস সদস্য
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র সদস্য
১২. সচিব, বাংলা একাডেমি সদস্য
১৩. পরিচালক, গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৪. পরিচালক, অনুবাদ, পাঠ্যপুস্তক ও আন্তর্জাতিক সংযোগ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৫. পরিচালক, জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৬. পরিচালক, বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৭. পরিচালক, সংস্কৃতি, পত্রিকা ও মিলনায়তন বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৮. পরিচালক, গ্রন্থাগার বিভাগ, বাংলা একাডেমি সদস্য
১৯. পরিচালক, ফোকলোর, জাদুঘর ও মহাফেজখানা বিভাগ, বাংলা একাডেমি সদস্য
২০. পরিচালক, প্রশাসন, মানবসম্পদ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ, বাংলা একাডেমি সদস্য
২১. পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠানের প্রতিনিধি অনধিক ০৫ জন সদস্য
২২. উপকমিশনার (রমনা), ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্য
২৩. অতিরিক্ত উপকমিশনার (রমনা বিভাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ সদস্য
২৪. উপপরিচালক, হিরবা উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৫. উপপরিচালক, বিক্রয় ও বিপণন উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৬. উপপরিচালক, প্রশাসন উপবিভাগ, বাংলা একাডেমি সদস্য
২৭. অফিসার-ইন-চার্জ, শাহবাগ থানা সদস্য

৫.৩ মহাপরিচালক একাডেমির পরিচালকগণের মধ্য থেকে ১ (এক) জনকে সদস্য-সচিব মনোনীত করবেন।

৫.৪ প্রতিবছর বইমেলা পরিচালনার জন্য নির্বাহী পরিষদ 'পরিচালনা কমিটি' অনুমোদন করবে।

৫.৫ সভাপতি প্রয়োজনে সদস্য সহযোজন করতে পারবেন।

৬. বইমেলার প্রতিপাদ্য

৬.১ প্রতিবছর বইমেলার জন্য স্বতন্ত্র প্রতিপাদ্য নির্ধারণ করা হবে। পরিচালনা কমিটি প্রতিপাদ্য নির্ধারণ করবেন।

৬.২ বইমেলার সামগ্রিক নান্দনিকতা, অলংকরণ, সৌন্দর্য ও বিন্যাসে নির্ধারিত প্রতিপাদ্যের প্রতিফলন থাকবে। এ বছরের প্রতিপাদ্য 'জুলাই গণঅভ্যুত্থান : নতুন বাংলাদেশ বিনির্মাণ'।



৭. বইমেলা কার্যালয়

অমর একুশে বইমেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বইমেলার সদস্য-সচিবের তত্ত্বাবধানে একাডেমিতে একটি 'অমর একুশে বইমেলা পরিচালনা কার্যালয়' থাকবে। বইমেলার যাবতীয় কাজ এই কার্যালয় হতে পরিচালনা ও নিয়ন্ত্রণ করা হবে।

৮. বইমেলার স্থান ও পরিস্থিতি

৮.১ একাডেমি প্রাঙ্গণ ও একাডেমি সংলগ্ন সোহ্‌রাওয়ার্দী উদ্যানের নির্ধারিত স্থানে বইমেলা অনুষ্ঠিত হবে।

৮.২ প্রাকৃতিক দুর্যোগ কিংবা অনুরূপ কোনো বিরূপ পরিস্থিতির উদ্ভব হলে সরকারি নির্দেশনা অনুযায়ী বইমেলার জন্য নির্ধারিত স্থান সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৯. বইমেলার সময়

৯.১ মহান ভাষা আন্দোলন ও অমর একুশের প্রতি শ্রদ্ধাজ্ঞাপনার্থে একাডেমি আয়োজিত বইমেলা প্রতিবছর ১লা ফেব্রুয়ারি হতে মাসব্যাপী অনুষ্ঠিত হবে।

৯.২ বইমেলা সাপ্তাহিক ছুটির দিন ও একুশে ফেব্রুয়ারি ব্যতীত প্রতিদিন বেলা ৩:০০টা হতে রাত ৯:০০টা; ছুটির দিন সকাল ১১:০০টা হতে রাত ৯:০০টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। শুক্রবার বেলা ১:০০টা হতে বেলা ৩:০০টা ও শনিবার বেলা ১:০০টা হতে বেলা ২:০০টা পর্যন্ত বিরতি থাকবে।

৯.৩ শুক্রবার ও শনিবার সকাল ১১:০০টা হতে বেলা ১:০০টা পর্যন্ত শিশুপ্রহর থাকবে।

৯.৪ একুশে ফেব্রুয়ারি প্রথম প্রহর অর্থাৎ সকাল ৭:০০টা হতে রাত ৯:০০টা পর্যন্ত বইমেলা সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। বেলা ১:০০টা হতে বেলা ৩:০০টা পর্যন্ত বিরতি থাকবে।

১০. বইমেলা উদ্বোধন

১০.১ প্রতিবছর ১লা ফেব্রুয়ারি 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা' উদ্বোধন করা হবে।

১০.২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সরকারপ্রধান বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা উদ্বোধন করবেন (মাননীয় সরকারপ্রধানের সদয় সম্মতি সাপেক্ষে)।

১১. বইমেলার প্রকৃতি

১১.১ বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশকগণ কেবল বাংলাদেশে মুদ্রিত ও প্রকাশিত বাংলাদেশের লেখকদের মৌলিক/অনূদিত/সম্পাদিত/সংকলিত বই বিক্রয় করতে পারবেন। অনুবাদের ক্ষেত্রে মূল লেখক/প্রকাশকের অনুমতিপত্র থাকতে হবে।

১১.২ বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশকগণ গাইড ও গাইড জাতীয় এবং পাইরেটকৃত বই সংরক্ষণ, প্রদর্শন বা বিক্রয় করতে পারবেন না। এই ধরনের কোনো বই কোনো স্টলে পাওয়া গেলে উক্ত স্টল তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেওয়া হবে এবং ওই প্রকাশনা প্রতিষ্ঠানকে উক্ত বছর এবং পরবর্তী এক বছরের জন্য কালো তালিকাভুক্ত করা হবে।

১১.৩ বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ কেবল নিজেদের প্রকাশিত ও পরিবেশিত বই বিক্রয় করবেন।

১১.৪ বাংলাদেশ ও অন্যকোনো দেশের সঙ্গে যৌথভাবে প্রকাশিত বই প্রদর্শন ও বিক্রয় করা যাবে।

১২. স্টল বরাদ্দের বিজ্ঞাপন

বইয়ের স্টল বরাদ্দের জন্য জাতীয় দৈনিক সংবাদপত্র এবং বাংলা একাডেমির ওয়েবসাইট www.banglaacademy.gov.bd-তে বিজ্ঞাপন প্রচার করা হবে।

১৩. বইয়ের স্টল

যেসব প্রকাশনা প্রতিষ্ঠান বইমেলায় স্টল বরাদ্দের জন্য পরিচালনা কমিটি কর্তৃক বিবেচিত হবে কেবল ওই সকল প্রকাশনা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত সাইজের স্টল তৈরি করা হবে।

১৪. স্টল বরাদ্দের আবেদন করার পদ্ধতি

১৪.১ ক. অমর একুশে বইমেলা ২০২৫-এ অংশগ্রহণ করতে আগ্রহী পূর্ববর্তী বছর বরাদ্দপ্রাপ্ত প্রকাশনা প্রতিষ্ঠানকে অবশ্যই একাডেমির বইমেলার ওয়েবসাইটে (ba21bookfair.com) নির্ধারিত সময়ের মধ্যে তথ্যফরম পূরণপূর্বক আপলোড করতে হবে।

খ. নতুন প্রকাশনা প্রতিষ্ঠানকে একাডেমি হতে আবেদন ফরম সংগ্রহ ও যথাযথভাবে পূরণপূর্বক প্রকাশনাসহ নির্ধারিত সময়ের মধ্যে বাংলা একাডেমিতে জমা দিতে হবে।



গ. বইমেলা পরিচালনা কমিটি কর্তৃক নীতিমালার আলোকে তথ্যফরম যথাযথভাবে যাচাই-বাছাই শেষে বিবেচনাযোগ্য প্রকৃত প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দ দেওয়া হবে।

ঘ. আবেদনপত্রের সঙ্গে অবশ্যই একাডেমি কর্তৃক সরবরাহকৃত অঙ্গীকারপত্র সংযুক্ত করতে হবে।

ঙ. অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিষ্ঠানের আবেদনপত্রে নিজস্ব ঠিকানা (হোল্ডিং নম্বর ও অফিস) থাকতে হবে।

চ. বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানের আবেদনের সাপেক্ষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন ইউনিটের স্টল/প্যাভিলিয়ন অনুমোদন দেওয়া হবে।

১৪.২ পরিচালনা কমিটি কর্তৃক নীতিমালার আলোকে সংশ্লিষ্ট কাগজ/দলিল যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক নতুন আবেদনকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দের অনুমতি প্রদান করা হবে।

১৪.৩ বরাদ্দপ্রাপ্ত প্রকাশনা প্রতিষ্ঠানকে তালিকা প্রকাশের পর স্টলের কাঠামো নির্মাণ ও আনুষঙ্গিক ব্যয়ের অংশ হিসেবে স্টল ভাড়ার অর্থ 'বাংলা একাডেমি অমর একুশে বইমেলা' শীর্ষক সঞ্চয়ী হিসাব নম্বর ০২০০০১৪০৪৯২৩১-এ জমা প্রদান করতে হবে। অর্থ জমা প্রদানের রসিদ অনলাইনে আপলোড এবং রসিদের ফটোকপি একাডেমিতে জমা প্রদান করতে হবে।

১৫. বইমেলার গেটপাস

১৫.১ স্টল কর্মীর গেটপাস : স্টলের প্রতিটি গেটপাসের জন্য একাডেমির কোষাধ্যক্ষের নিকট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ জমা প্রদান করতে হবে এবং অর্থ জমার রসিদ সংগ্রহ করে এক কপি পাসপোর্ট সাইজের ছবিসহ একাডেমির নিরাপত্তা শাখায় জমা দেওয়ার পর গেটপাস ইস্যু করা হবে। একাডেমির নিরাপত্তা কর্মকর্তা স্টলের জন্য প্রয়োজনীয় গেটপাস সরবরাহ করবেন।

১৫.২ স্বত্বাধিকারীর গেটপাস : বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্বাধিকারীর গেটপাসের জন্য একাডেমির কোষাধ্যক্ষের নিকট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অর্থ জমা প্রদান করতে হবে এবং জমার রসিদ সংগ্রহ করে দুই কপি পাসপোর্ট সাইজের ছবিসহ একাডেমির বিক্রয় ও বিপণন উপবিভাগে জমা দেওয়ার পর গেটপাস সরবরাহ করা হবে।

১৬. স্টল ও প্যাভিলিয়নের আকার

১৬.১ স্টলের আকার : মেলা প্রাঙ্গণে প্রতিটি ০১ (এক) ইউনিটের স্টলের আকার দৈর্ঘ্য ৮´×প্রস্থ ৮´, ০২ (দুই) ইউনিটের জন্য দৈর্ঘ্য ১৬´×প্রস্থ ৮´, ০৩ (তিন) ইউনিটের জন্য দৈর্ঘ্য ২৪´×প্রস্থ ৮´, ০৪ (চার) ইউনিটের জন্য দৈর্ঘ্য ৩২´×প্রস্থ ৮´ হবে। সাইনবোর্ড নকশাসহ স্টলের সর্বোচ্চ উচ্চতা ১৬´ হবে।

১৬.২ প্যাভিলিয়নের আকার : (ক) দৈর্ঘ্য ২০´×প্রস্থ ২০´ ও (খ) দৈর্ঘ্য ২৪´×প্রস্থ ২৪´ হবে। প্যাভিলিয়ন হবে আবদ্ধ এবং একদিক দিয়ে প্রবেশ ও অন্যদিক দিয়ে বের হওয়ার ব্যবস্থা থাকবে। সাইনবোর্ড নকশাসহ প্যাভিলিয়নের সর্বোচ্চ উচ্চতা ২০´ হবে।

১৬.৩ কোনো অবস্থাতেই স্টল/প্যাভিলিয়নের আকার/উচ্চতা বৃদ্ধি করা যাবে না। স্টল ও প্যাভিলিয়নের আকার/উচ্চতা নির্ধারিত মাপের অতিরিক্ত হলে তা পরিচালনা কমিটি/টাস্কফোর্স/কর্তৃপক্ষ অপসারণের ব্যবস্থা করবেন।

১৭. স্টল ও প্যাভিলিয়নের ভাড়া

বইমেলায় স্টল ও প্যাভিলিয়নের ভাড়া পরিচালনা কমিটির সুপারিশের ভিত্তিতে নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে নির্ধারিত হবে।

১৮. অংশগ্রহণের যোগ্যতা

১৮.১ যেসব পুস্তক প্রকাশনা প্রতিষ্ঠান সর্বমোট ১০০টি অথবা নভেম্বর ২০২৩ থেকে অক্টোবর ২০২৪-এর মধ্যে কমপক্ষে ২৫টি (মানসম্মত) এবং নতুন/বর্ধিত (২০২৪-এ অংশগ্রহণকারী) প্রকাশকদের ক্ষেত্রে গত ৩ (তিন) বছরে ৩০/৫০টি (২০টি মানসম্মত) সৃজনশীল সাহিত্য, বিজ্ঞান ও গবেষণাধর্মী বই প্রকাশ করেছে তাদের স্টল বরাদ্দ দেয়া হবে। প্রকাশিত বই বইমেলা পরিচালনা কমিটির বিবেচনায় মানসম্মত হতে হবে।

১৮.২ ট্রেড-লাইসেন্স অনুযায়ী প্রতিষ্ঠানের বয়সকাল ৩ (তিন) বছর হওয়া বাঞ্ছনীয়।

১৮.৩ যেসব বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষাসংক্রান্ত উল্লেখযোগ্য সংখ্যক মানসম্মত বই রয়েছে তাদের স্টল বরাদ্দের বিষয়টি পরিচালনা কমিটি বিশেষভাবে বিবেচনা করতে পারবেন।



১৮.৪ আবেদনপত্রের সঙ্গে প্রকাশনা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড-লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্রের কপি এবং প্রকাশিত বই জাতীয় আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে জমা দেওয়ার প্রত্যয়নপত্র, প্রকাশনা প্রতিষ্ঠান কর্তৃক লেখককে রয়্যালটি প্রদানের প্রমাণপত্র ও অগ্নি-সাইক্লোন বীমার সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে। কোনো প্রকাশনা প্রতিষ্ঠানের বিরুদ্ধে রয়্যালিটি প্রদান না করার অভিযোগ উত্থাপিত হলে সেই প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিচালনা কমিটি ব্যবস্থাগ্রহণ করতে পারবে।

১৮.৫ বইমেলায় অংশগ্রহণের যোগ্যতা নির্ধারণের ক্ষেত্রে চিরায়ত-গ্রন্থ বিবেচিত হবে না।

১৯. অংশগ্রহণের অযোগ্যতা

১৯.১ যে প্রকাশনা প্রতিষ্ঠান ইতঃপূর্বে একাডেমির প্রাপ্য অর্থ পরিশোধ করেনি;

১৯.২ যে প্রকাশনা প্রতিষ্ঠান পূর্ববর্তী বৎসর মেলায় নির্ধারিত সময়ের মধ্যে স্টল চালু করতে না-পারার কারণে কিংবা মেলা শেষ হওয়ার আগেই মেলা পরিত্যাগ বা স্টল বন্ধ করে দেওয়ার কারণে কিংবা নীতিমালা ভঙ্গ করার কারণে অযোগ্য ঘোষিত হয়েছে;

১৯.৩ যেসব প্রতিষ্ঠান শর্ত পূরণে সক্ষম হয়নি সেসব প্রতিষ্ঠানের আবেদন বিবেচনা করা হবে না;

১৯.৪ একাডেমির কোনো কর্মকর্তা ও কর্মচারী এবং বইমেলা পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট (প্রকাশক প্রতিনিধি ব্যতীত) কোনো ব্যক্তি মেলায় স্টলের জন্য আবেদন করতে পারবেন না।

২০. স্টল বরাদ্দ

২০.১ পরিচালনা কমিটি কর্তৃক লটারির মাধ্যমে প্রকাশনা প্রতিষ্ঠানের স্টলের স্থান বরাদ্দ করা হবে।

২০.২ ক. লটারির ফল স্থান বরাদ্দের জন্য চূড়ান্ত বলে বিবেচিত হবে। লটারিতে প্রাপ্ত স্থানেই বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে স্টল নির্মাণ করতে হবে। বরাদ্দপ্রাপ্ত স্থানে নির্ধারিত সময়ের মধ্যে স্টল নির্মাণ না করলে অভিযুক্ত প্রতিষ্ঠানের বরাদ্দ বাতিলসহ পরিচালনা কমিটি কর্তৃক প্রদত্ত শাস্তি প্রাপ্য হবে।

খ. বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান লটারির পূর্বে স্টল নির্মাণের কোনো সামগ্রী একাডেমি প্রাঙ্গণ ও সংলগ্ন এলাকায় আনতে পারবে না।

গ. বইমেলা শুরুর অন্তত ৭ (সাত) দিন পূর্বে স্টল বরাদ্দ দিতে হবে।

২১. অংশগ্রহণের শর্ত

২১.১ ক. কোনো অংশগ্রহণকারী বরাদ্দপ্রাপ্ত স্টল কোনো অবস্থাতেই অন্য কাউকেও হস্তান্তর করতে পারবেন না বা তার স্টল কারো স্টলের সঙ্গে বিনিময় করতে কিংবা স্টলের নাম পরিবর্তন বা স্টলের নামের সঙ্গে অন্য নাম যুক্ত করতে পারবেন না। এরূপ কিছু ঘটলে তৎক্ষণাৎ তার স্টল বরাদ্দ বাতিল করা হবে।

খ. গত ১ (এক) বৎসরে প্রকাশিত বইয়ের তালিকা জমা প্রদান করতে হবে।

গ. বইমেলা চলাকালীন প্রকাশিত সকল বই প্রচারের জন্য তথ্যকেন্দ্রে জমা প্রদান করতে হবে।

ঘ. ব্যক্তি পর্যায়ে প্রকাশিত বই পরিবেশক নির্ধারণ করে উক্ত স্টলে প্রদর্শন ও বিক্রয় করতে পারবে।

ঙ. বইমেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান, প্রকাশক ও পরিবেশক ব্যতীত কোনো বই প্রদর্শন বা বিক্রয় করা যাবে না।

চ. প্রতিটি বইয়ে ISBN নম্বর থাকতে হবে। ISBN নম্বর ব্যতীত তথ্যকেন্দ্রে বই জমা নেওয়া ও প্রচার করা যাবে না।

২১.২ ক. স্টলসজ্জার সকল দায়িত্ব ও ব্যয় বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বহন করবে। এক্ষেত্রে একাডেমি বা পরিচালনা কমিটি কোনোরূপ আর্থিক দায় গ্রহণ করবে না।

খ. কোনো অংশগ্রহণকারী তার স্টলের সামনের/পাশের জায়গা দখল করে কোনো কিছু রাখতে/নির্মাণ করতে/প্রদর্শন করতে পারবে না।

গ. বইমেলা চলাকালীন আকস্মিক কোনোপ্রকার দুর্ঘটনা বা অনাকাঙ্ক্ষিত অবস্থার সৃষ্টি হলে তার জন্য মেলাপ্রাঙ্গণ ও সংলগ্ন এলাকায়/স্টলের সামনে সভা-সমাবেশ বা কোনো প্রকার বিদ্রুপাত্মক বিষয় প্রদর্শন করা যাবে না।

ঘ. প্রত্যেক অংশগ্রহণকারী তার স্টল বইমেলার উদ্দেশ্য ও প্রতিপাদ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ ও রুচিসম্মতভাবে সাজানোর ব্যবস্থা গ্রহণ করবেন।



ঙ. কোনো সহজ দাহ্যপদার্থ–যেমন খড়, শন, গোলপাতা, পাটখড়ি ইত্যাদি দিয়ে স্টল নির্মাণ করা যাবে না। স্টলে কোনোপ্রকার কয়েল, ইলেকট্রিক কেটলি, হিটার, চুলা ব্যবহার/জ্বালানো যাবে না। অন্যথায় স্টল বরাদ্দ বাতিল করা হবে।

চ. স্টলে অবশ্যই অগ্নি-নির্বাপণ যন্ত্র রাখতে হবে।

ছ. প্রতিদিন বইমেলা শুরুর নির্ধারিত সময়ের পূর্বে ও কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সময়ের মধ্যে নির্ধারিত প্রবেশপথে প্রকাশকদের মেলা প্রাঙ্গণে বই আনার ব্যবস্থা করতে হবে। মেলা আরম্ভের পর কোনোক্রমেই বই আনা যাবে না। রাত ৯:০০টার পর কোনো স্টল খোলা রাখা যাবে না এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোনো স্টলে রাতে লোক রাখা যাবে না।

জ. রাত ৯:০০টার পর বিনা অনুমতিতে কোনো প্রকাশক মেলাপ্রাঙ্গণ হতে বই বাইরে নিয়ে যেতে বা ভেতরে আনতে পারবে না।

২১.৩ বইমেলার নির্ধারিত সময়ের পর অর্থাৎ রাত ৯:০০টায় স্টলের বৈদ্যুতিক সংযোগ বন্ধ করে দেওয়া হবে। রাত ৯:১৫টার মধ্যে অবশ্যই সকলকে মেলাপ্রাঙ্গণ ত্যাগ করতে হবে।

২১.৪ স্টলে বাল্ব ব্যবহারের ক্ষেত্রে সরকারের বিদ্যুৎসাশ্রয় নীতি অনুসরণ করতে হবে। প্রতি ১ ইউনিটের স্টলে সর্বাধিক ৪টি (প্রতিটি ৪০ ওয়াট) এনার্জিসেভিং বাল্ব ব্যবহার করা যাবে। ২, ৩, ৪ ইউনিটের স্টল ও প্যাভিলিয়ন আনুপাতিক হারে বর্ধিত পরিমাণের বাল্ব ব্যবহার করতে পারবে। কোনো অবস্থাতেই স্টল/প্যাভিলিয়নে হ্যালোজেন/সাধারণ বাল্ব বা অন্য ধরনের উচ্চ ক্ষমতাসম্পন্ন বাল্ব ব্যবহার করা যাবে না। স্টলের অভ্যন্তরে মূলসংযোগের জন্য ৩ আরএম এবং অবশিষ্ট ওয়্যারিংয়ের জন্য ১.৫ আরএম তার ব্যবহার করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটি তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২১.৫ স্টলসজ্জা ও পরিচালনার জন্য অংশগ্রহণকারীগণ যেসব বই ও দ্রব্য বইমেলা প্রাঙ্গণে আনবেন, সেইসব আনা-নেওয়া ও মেলা চলাকালীন সেইসবের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব তারাই বহন করবেন।

২১.৬ মেলায় আনীত বই ও আনুষঙ্গিক দ্রব্য মেলা প্রাঙ্গণের বাইরে নেওয়ার সময় একাডেমির নিরাপত্তা কর্মকর্তা প্রত্যয়ন করবেন; তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবশ্যই গেটপাস প্রদর্শন করতে হবে।

২১.৭ মেলার প্রস্তুতিপর্বে বা চলাকালীন বা বন্ধ থাকাকালীন বা শেষে কোনো চুরি বা দুর্ঘটনা বা অগ্নিকাণ্ড বা অন্যকোনো আইনবিরোধী ঘটনা বা বিশৃঙ্খলার জন্য একাডেমি অথবা পরিচালনা কমিটি দায়ী থাকবে না এবং উপর্যুক্ত কারণে একাডেমি বা পরিচালনা কমিটির নিকট হতে কোনো ক্ষতিপূরণ চাওয়া যাবে না কিংবা একাডেমি বা পরিচালনা কমিটির বিরুদ্ধে কোনো মামলা দায়ের করা যাবে না।

২১.৮ বাংলা একাডেমি নিয়ন্ত্রিত কেন্দ্রীয় শব্দযন্ত্র ব্যতীত কোনো ধরনের শব্দযন্ত্র মেলা প্রাঙ্গণে ব্যবহার করা যাবে না।

২১.৯ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান তার স্টল/প্যাভিলিয়নে একাডেমি কর্তৃক নির্ধারিত স্পন্সর ব্যতীত অন্যকোনো কোম্পানি/প্রতিষ্ঠানের ব্রান্ডিং কর্মকাণ্ড/প্রদর্শন এবং অন্যকোনো প্রস্তাব গ্রহণ করতে পারবে না।

২১.১০ বইমেলার কাজে একাডেমি বা পরিচালনা কমিটি কর্তৃক নিয়োজিত বা একাডেমিতে কর্মরত কোনো ব্যক্তিকে কোনো অংশগ্রহণকারী তার ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক কাজে নিয়োগ করতে পারবে না বা তাকে কোনো আর্থিক সুবিধা প্রদান করতে পারবে না।

২১.১১ বইমেলা শেষ না হওয়া পর্যন্ত কোনো অংশগ্রহণকারী প্রতিষ্ঠান মেলা পরিত্যাগ করতে পারবে না অথবা স্টল বন্ধ করে দিতে পারবে না। এমন করলে পরবর্তী বছর অভিযুক্ত প্রতিষ্ঠান বইমেলায় অংশগ্রহণের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

২১.১২.ক. রাষ্ট্রভাষা আন্দোলনবিরোধী, মুক্তিযুদ্ধবিরোধী, ২০২৪-এর গণঅভ্যুত্থানবিরোধী, 'যেকোনো জাতিসত্তাবিরোধী, অশ্লীল, রুচিগর্হিত, শিষ্টাচারবিরোধী, সাম্প্রদায়িক, ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন বা জননিরাপত্তার জন্য বা অন্যকোনো কারণে বইমেলার পক্ষে ক্ষতিকর কোনো বই বা পত্রিকা বা দ্রব্য অমর একুশে বইমেলায় বিক্রয়, প্রচার ও প্রদর্শন করা যাবে না। একাডেমি বা পরিচালনা কমিটি যদি বইমেলায় কোনো বই, ম্যাগাজিন, লিফলেট বা ওই জাতীয় অন্যকোনো দ্রব্য বিশেষ কারণে বা উদ্ভূত পরিস্থিতিতে প্রচার বা প্রদর্শন বা বিক্রয় করা অসামঞ্জস্যপূর্ণ মনে করে তাহলে কোনো অংশগ্রহণকারী তা প্রদর্শন বা প্রচার বা বিক্রয় করতে পারবে না। এই সিদ্ধান্ত কোনো অংশগ্রহণকারী মানতে ব্যর্থ হলে তার স্টল বরাদ্দ বাতিল হবে। তার জমা দেওয়া টাকা ফেরত দেওয়া হবে না এবং ভবিষ্যতে তিনি মেলায় অংশগ্রহণ করতে পারবেন কিনা সে বিষয়ে পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



খ. উল্লিখিত (ক) উপধারায় বর্ণিত কোনো অভিযোগে অভিযুক্ত হয়ে কোনো প্রতিষ্ঠান আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য উক্ত প্রতিষ্ঠান বইমেলায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবে।

২১.১৩ ক. রাষ্ট্রভাষা আন্দোলনবিরোধী, মুক্তিযুদ্ধবিরোধী, ২০২৪-এর গণঅভ্যুত্থানবিরোধী, 'যেকোনো জাতিসত্তাবিরোধী, অশ্লীল, রুচিগর্হিত, শিষ্টাচারবিরোধী, সাম্প্রদায়িক, ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন বা জননিরাপত্তার জন্য বা অন্যকোনো কারণে বইমেলার পক্ষে ক্ষতিকর কোনো বই/পত্রিকা/অডিও-ভিজ্যুয়াল সামগ্রী, পোস্টার, লিফলেট ইত্যাদি অমর একুশে বইমেলায় সংরক্ষণ, প্রদর্শন, বিক্রয়, প্রচার দণ্ডনীয় অপরাধ বলে বিবেচিত হবে।

খ. দেশি-বিদেশি কোনো পাইরেটকৃত বই প্রদর্শন বা বিক্রয় করা যাবে না।

২১.১৪ পরিচালনা কমিটি যেকোনো সময় যেকোনো স্টল পরিদর্শন করতে পারবে এবং কমিটি যদি মনে করে যে, কমিটির সিদ্ধান্ত কোনো অংশগ্রহণকারী মেনে চলছে না তাহলে কমিটি সেই প্রতিষ্ঠানের বরাদ্দ তৎক্ষণাৎ বাতিল করে দিতে পারবে এবং তা করা হলে অংশগ্রহণকারীকে পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই বইমেলা প্রাঙ্গণ পরিত্যাগ করতে হবে এবং তিনি স্টল ভাড়ার টাকা ফেরত পাবেন না। এক্ষেত্রে পরিচালনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

২১.১৫ বইমেলায় কোনো প্রকাশক/স্টল মালিক পলিথিন ব্যাগ ব্যবহার করতে পারবেন না। বইমেলায় কাগজ, কাগজের ব্যাগ, চটের থলে, পাটের রশি ইত্যাদি দেশি পণ্য ব্যবহারকে উৎসাহিত করা হবে।

২১.১৬ উদ্ভূত যেকোনো পরিস্থিতির কারণে পরিচালনা কমিটি বইমেলা শেষ হওয়ার পূর্বে অথবা সাময়িকভাবে/স্থায়ীভাবে বইমেলা বন্ধ ঘোষণা করলে প্রকাশক/স্টল মালিককে এই কারণে একাডেমি কোনোপ্রকার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না বা কেউ এই কারণে একাডেমির কাছে কোনোপ্রকার ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না এবং স্টল ভাড়া বাবদ গৃহীত অর্থ ফেরত দেওয়া হবে না।

২১.১৭ যদি কোনো বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান বইমেলা উদ্বোধনের দিন পূর্ণাঙ্গভাবে তার স্টল চালু করতে না-পারে তাহলে তার স্টল বরাদ্দ বাতিল হবে এবং উক্ত বছরে বইমেলায় অংশগ্রহণ করতে পারবে না। এইরূপ ক্ষেত্রে স্টল ভাড়া বাবদ প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

২১.১৮ প্রত্যেক অংশগ্রহণকারী 'বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলা নীতিমালা, ২০২৫' এবং পরিচালনা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মেনে চলতে বাধ্য থাকবেন–এই মর্মে অঙ্গীকারপত্র প্রদান করবেন। এই ব্যবস্থা চূড়ান্ত বলে গণ্য হবে এবং এর বিরুদ্ধে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

২২. লিটল ম্যাগাজিন (লিটলম্যাগ)

২২.১ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী লিটল ম্যাগাজিন প্রকাশনা প্রতিষ্ঠান স্টল বরাদ্দ পাবে। একাডেমির দায়িত্বপ্রাপ্ত একটি কমিটি আগ্রহীদের আবেদনপত্র যাচাই-বাছাই শেষে স্টল বরাদ্দের সুপারিশ করবে।

২২.২ কোনো নির্দিষ্ট লিটল ম্যাগাজিন প্রতিষ্ঠানের নামে প্রাপ্ত স্টলে লিটল ম্যাগাজিন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রকাশিত ম্যাগাজিন/পত্রিকা/বই প্রদর্শন ও বিক্রয় করবে। অন্যকোনো প্রকাশকের বই প্রদর্শন ও বিক্রয় করা যাবে না। অন্যথায় স্টল বন্ধ করে দেওয়া হবে।

২৩. স্টল হস্তান্তর

২৩.১ লটারির পরের দিন সকল অংশগ্রহণকারী তাদের স্টলের স্থান ও কাঠামো বুঝে নিবেন।

২৩.২ বরাদ্দপ্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠানকে স্টল তৈরি ও সজ্জার কাজ অবশ্যই উক্ত বছরের ৩০শে জানুয়ারি সকাল ৬টার মধ্যে সম্পন্ন করতে হবে এবং উক্ত সময়ের মধ্যে মেলাপ্রাঙ্গণ হতে অব্যবহৃত নির্মাণসামগ্রী সম্পূর্ণভাবে অপসারণ করতে হবে।

২৩.৩ পরিচালনা কমিটি বইমেলা প্রাঙ্গণ ৩০শে জানুয়ারি বেলা ১১:০০টায় পরিদর্শনপূর্বক চূড়ান্ত প্রস্তুতি নিশ্চিত করবে।

২৪. বই বিক্রয় কমিশন

২৪.১ বাংলা একাডেমি প্রচলিত কমিশনে একাডেমির বই বিক্রয় করবে।

২৪.২ বইমেলায় অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠান ২৫% কমিশনে বই বিক্রয় করবে।

২৫. বইমেলার সুযোগসুবিধা

২৫.১ বইমেলার প্রতিটি প্রবেশদ্বারে নিরাপত্তার স্বার্থে আর্চওয়ের ব্যবস্থা থাকবে।

২৫.২ একাডেমি সমগ্র বইমেলা প্রাঙ্গণে মাইক/সাউন্ডসিস্টেম স্পিকারের ব্যবস্থা করবে, যাতে কেবল বাংলা একাডেমি কর্তৃক নির্ধারিত বইমেলাবিষয়ক প্রয়োজনীয় ঘোষণা প্রদান এবং নতুন বইয়ের পরিচিতি প্রচার ও বিশেষ



বিশেষ ক্ষেত্রে যন্ত্রসংগীত, নির্বাচিত কণ্ঠসংগীত, ধারণকৃত সিডি/ডিভিডি বাজানো হবে।

২৫.৩ বইমেলায় প্রয়োজনীয় সংখ্যক তথ্যকেন্দ্র থাকবে। তথ্যকেন্দ্র হতে বইমেলা সম্পর্কিত ও নতুন বইয়ের তথ্য পাওয়া যাবে।

২৫.৪ মেলা প্রাঙ্গণে একাডেমির নিজস্ব ক্যান্টিন ও একাডেমি কর্তৃক বরাদ্দকৃত খাবারের স্টল থাকবে। কর্তৃপক্ষের অনুমোদিত নীতিমালা অনুযায়ী মানসম্মত খাবারের স্টল বরাদ্দ দেওয়া হবে।

২৫.৫ বইমেলার প্রাথমিক চিকিৎসাকেন্দ্রে ডাক্তার ও অ্যাম্বুলেন্সের ব্যবস্থা থাকবে।

২৫.৬ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেকোনো সময় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২৫.৭ বইমেলা চলাকালীন শৃঙ্খলা ও নিরাপত্তা পর্যবেক্ষণের জন্য একাডেমি ও প্রকাশক প্রতিনিধিদের সমন্বয়ে একটি 'শৃঙ্খলা কমিটি' গঠিত হবে। কমিটি পর্যায়ক্রমে উক্ত বিষয়াদি তদারকি করবে।

২৫.৮ বইমেলা প্রাঙ্গণে সার্বক্ষণিক দমকল বাহিনী প্রস্তুত থাকবে।

২৫.৯ বইমেলা প্রাঙ্গণ সিসি ক্যামেরার আওতাভুক্ত থাকবে। মেলাপ্রাঙ্গণ পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করা হবে।

২৫.১০ যদি কোনো প্রতিষ্ঠান অতিরিক্ত নিরাপত্তার স্বার্থে নিজ স্টলে সিসি ক্যামেরা ব্যবহার করতে চায় সেক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমতি সাপেক্ষে স্ব-উদ্যোগে ও ব্যবস্থাপনায় পৃথক বৈদ্যুতিক সংযোগ ব্যবহারের মাধ্যমে তা করতে পারবে।

২৫.১১ নারী ও পুরুষের জন্য পৃথক ও প্রয়োজনীয় সংখ্যক টয়লেটের ব্যবস্থা থাকবে।

২৫.১২ নারী ও পুরুষের নামাজের জন্য পৃথক ব্যবস্থা থাকবে।

২৫.১৩ তথ্যকেন্দ্রসংলগ্ন স্থানে মা ও শিশু কর্নার থাকবে।

২৫.১৪ বইমেলা প্রাঙ্গণে বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা থাকবে।

২৫.১৫ নতুন বইয়ের মোড়ক উন্মোচনের জন্য 'নতুন বই উন্মোচন মঞ্চ' এই নামে একটি নির্দিষ্ট স্থানের ব্যবস্থা থাকবে।

২৫.১৬ নতুন বই প্রচারণার জন্য ডিজিটাল ডিসপ্লের ব্যবস্থা থাকবে।

২৫.১৭ বইমেলায় লেখক-পাঠকের মতবিনিময়ের জন্য নির্ধারিত স্থানের ব্যবস্থা থাকবে।

২৫.১৮ বইমেলায় বয়স্ক ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তির জন্য হুইলচেয়ারের ব্যবস্থা থাকবে।

২৫.১৯ ক্রয়কৃত বই প্রতিষ্ঠিত কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত হারে সার্ভিস ফি পরিশোধপূর্বক প্রত্যাশিত ঠিকানায় প্রেরণের জন্য একটি 'বই বুকিং কাউন্টার' থাকবে।

২৬. তথ্যকেন্দ্র

ক. বইমেলায় প্রয়োজনীয় সংখ্যক তথ্যকেন্দ্র থাকবে। তথ্যকেন্দ্র হতে মেলা সংক্রান্ত তথ্য প্রচার করা হবে।

খ. তথ্যকেন্দ্র হতে নতুন বইয়ের তথ্য প্রচার করা হবে। এজন্য প্রকাশককে অবশ্যই তথ্যকেন্দ্র হতে সরবরাহকৃত তথ্যফরম পূরণপূর্বক এক কপি বইসহ তথ্যকেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তার নিকট জমা প্রদান করতে হবে।

গ. তথ্যকেন্দ্র হতে মানবিক আবেদন প্রচার করা যাবে। এই বিষয়ে কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন রয়েছে।

ঘ. তথ্যকেন্দ্রে জমাদান ব্যতীত কোনো নতুন বই প্রদর্শন ও বিক্রয় করা যাবে না। অন্যথায় পরিচালনা কমিটি/টাস্কফোর্স/কর্তৃপক্ষ উক্ত বইয়ের প্রদর্শন ও বিক্রয় বন্ধ করতে পারবে।

২৭. নতুন বই প্রদর্শনীর স্টল

২৭.১ প্রতিদিনের নতুন বই প্রদর্শনের জন্য একাডেমি প্রাঙ্গণে একটি 'নতুন বই প্রদর্শনী'র স্টল নির্মিত হবে।

২৭.২ তথ্যকেন্দ্র হতে প্রচারের জন্য যে সকল নতুন বই জমা দেওয়া হবে, প্রচার শেষে সকল বই 'নতুন বই প্রদর্শনী'র স্টলে প্রদর্শন করা হবে। এই স্টল হতেও নতুন বই সম্পর্কিত তথ্য জানা যাবে। পরবর্তীকালে উক্ত বইসমূহ বাংলা একডেমি গ্রন্থাগারে সংরক্ষণ করা হবে।

২৮. মোড়ক উন্মোচন মঞ্চ

২৮.১ বইমেলায় নতুন বইয়ের মোড়ক উন্মোচনের জন্য 'মোড়ক উন্মোচন মঞ্চ' থাকবে। মোড়ক উন্মোচনের জন্য ন্যূনপক্ষে একদিন পূর্বে বইমেলার তথ্যকেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তাকে অবহিত করে নির্ধারিত ফরম পূরণপূর্বক মোড়ক উন্মোচনের তারিখ ও সময় জেনে নিতে হবে।



২৮.২ প্রতিটি বইয়ের মোড়ক উন্মোচনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি একাডেমির তথ্যকেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তার নিকট জমা দিয়ে রসিদ বুঝে নিতে হবে। রসিদ ব্যতীত বইয়ের মোড়ক উন্মোচন করা যাবে না।

২৮.৩ একাডেমি কর্তৃক নির্ধারিত স্থানে জমাকৃত টাকার রশিদ প্রদর্শনপূর্বক সুশৃঙ্খলভাবে নতুন বইয়ের মোড়ক উন্মোচন করতে হবে। নির্ধারিত স্থান ব্যতীত অন্যকোনো স্থানে কোনোভাবেই মোড়ক উন্মোচন করা যাবে না।

২৯. মিডিয়া

২৯.১ বইমেলা প্রাঙ্গণে একটি মিডিয়া সেন্টার থাকবে।

২৯.২ অমর একুশে বইমেলার সঙ্গে যুক্ত প্রিন্ট/ইলেক্ট্রনিক মিডিয়া একাডেমির জনসংযোগ উপবিভাগের সঙ্গে সংযুক্ত থাকবে।

২৯.৩ ইলেক্ট্রনিক মিডিয়া মেলাপ্রাঙ্গণ হতে বইমেলার বিভিন্ন অনুষ্ঠান/আয়োজন কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ সাপেক্ষে নির্দিষ্ট স্থান হতে সরাসরি সম্প্রচার করতে পারবে।

২৯.৪ ইলেক্ট্রনিক মিডিয়া বইমেলার প্রচার ও প্রসারের জন্য সরাসরি সম্প্রচারের সময় ব্যাকড্রপে অমর একুশে বইমেলার লোগোর পাশাপাশি নিজস্ব প্রতিষ্ঠানের নাম ও লোগো প্রদর্শন করতে পারবে।

৩০. লেখক বলছি মঞ্চ

বইমেলায় একটি 'লেখক বলছি মঞ্চ' থাকবে। এই মঞ্চে প্রতিদিন নতুন বই সম্পর্কে লেখক-পাঠক-দর্শকের মধ্যে আলোচনা/মতবিনিময়/প্রশ্নোত্তর পর্ব চলবে। কর্তৃপক্ষ বা পরিচালনা কমিটির নির্দেশনা অনুযায়ী এই মঞ্চ পরিচালিত হবে।

৩১. চিত্তরঞ্জন সাহা স্মৃতি পুরস্কার

৩১.১ পূর্ববর্তী বছরে প্রকাশিত 'বিষয় ও গুণগত মানসম্মত' সর্বাধিক সংখ্যক বই প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানকে 'চিত্তরঞ্জন সাহা স্মৃতি পুরস্কার' প্রদান করা হবে।

৩১.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বছরে প্রকাশিত বই, মেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করতে হবে। একাডেমির তথ্যকেন্দ্র হতে প্রচারের জন্য যে সকল বই তালিকাভুক্ত হবে না সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হবে না। বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হবে।

৩২. মুনীর চৌধুরী স্মৃতি পুরস্কার

৩২.১ পূর্ববর্তী বছরে প্রকাশিত বইয়ের মধ্য হইতে 'শৈল্পিক বিচার'-এ সেরা গ্রন্থের জন্য প্রকাশনা প্রতিষ্ঠানকে 'মুনীর চৌধুরী স্মৃতি পুরস্কার' (১ম, ২য় ও ৩য়) প্রদান করা হবে।

৩২.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বছরে প্রকাশিত বই (বিষয় ও গুণগত মানসম্পন্ন) বইমেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করতে হবে। একাডেমির তথ্যকেন্দ্র হতে প্রচারের জন্য যে সকল বই তালিকাভুক্ত হবে না, সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হবে না। বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হবে।

৩৩. রোকনুজ্জামান খান দাদাভাই স্মৃতি পুরস্কার

৩৩.১ পূর্ববর্তী বছরে প্রকাশিত শিশুতোষ গ্রন্থের মধ্য হতে 'গুণগতমান বিচার'-এ সর্বাধিক সংখ্যক বইয়ের জন্য সংশ্লিষ্ট প্রকাশনা প্রতিষ্ঠানকে 'রোকনুজ্জামান খান দাদাভাই স্মৃতি পুরস্কার' প্রদান করা হবে।

৩৩.২ পুরস্কারের জন্য প্রকাশককে পূর্ববর্তী বছরে প্রকাশিত শিশুতোষ বই, মেলার প্রথম ১৫ (পনেরো) দিনের মধ্যে একাডেমির গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগের পরিচালকের দপ্তরে জমা প্রদান করতে হবে। একাডেমির তথ্যকেন্দ্র হতে প্রচারের জন্য যে সকল বই জমা দেওয়া হবে না সেই সকল বই পুরস্কারের জন্য বিবেচিত হবে না। পুরস্কারের জন্য বই জমা দেওয়ার সময় অন্তর্ভুক্ত তালিকার ফটোকপি জমা দিতে হবে।

৩৪. শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার

বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানের মধ্য হতে স্টলের 'নান্দনিক অঙ্গসজ্জা'য় সর্বশ্রেষ্ঠ হিসেবে বিবেচিত প্রতিষ্ঠানকে তিন ক্যাটাগরিতে 'শিল্পী কাইয়ুম চৌধুরী স্মৃতি পুরস্কার' প্রদান করা হবে।

৩৫. বই বিক্রয়ের তথ্য

প্রত্যেক প্রকাশনা প্রতিষ্ঠান বইমেলায় মোট কত টাকার বই বিক্রয় করেছে সেই সম্পর্কিত তথ্য একাডেমি কর্তৃক সরবরাহকৃত তথ্যফরম পূরণ করে ২৬শে ফেব্রুয়ারি পরিচালনা কমিটির সদস্যসচিবের নিকট জমা প্রদান করবে।

৩৬. ধূমপানমুক্ত ও পরিবেশবান্ধব বইমেলা



বইমেলা প্রাঙ্গণ ধূমপানমুক্ত ও পরিবেশবান্ধব এলাকা হিসেবে বিবেচিত হবে। মেলা প্রাঙ্গণ ধূমপানমুক্ত ও পরিবেশ দূষণমুক্ত রাখতে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠান, প্রকাশক, ক্রেতা, বিক্রেতা, দর্শক ও উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কাম্য (তথ্যকেন্দ্র হতে এই বিষয়ে জনসচেতনতামূলক ঘোষণা প্রচারিত হবে)।

৩৭. বিবিধ

৩৭.১ বইমেলা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে 'নীতিমালা বাস্তবায়ন উপকমিটি' গঠন করা হবে। পরিচালনা কমিটির সভাপতি প্রয়োজনে এক বা একাধিক উপকমিটি গঠন করতে পারবেন।

৩৭.২ স্পন্সর প্রতিষ্ঠান পরিচালনা কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে তাদের স্টল নির্মাণ করবে।

৩৭.৩ পরিচালনা কমিটি বা কমিটির সভাপতি বিশেষ বিবেচনায় রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ, শিক্ষামূলক, নিরাপত্তাবাহিনী, গণমাধ্যম ও অন্যকোনো প্রতিষ্ঠানকে স্টল বরাদ্দ প্রদান করতে পারবেন।

৩৭.৪ বইমেলা ব্যবস্থাপনা, পরিচালনা ও নিরাপত্তার কাজে যারা নিয়োজিত থাকবেন, প্রত্যেক প্রকাশনা প্রতিষ্ঠান/অংশগ্রহণকারী তাদেরকে সহযোগিতা করবেন।

৩৭.৫ এই নীতিমালাভুক্ত কোনো অনুচ্ছেদের কোনো বক্তব্য দ্ব্যর্থবোধক মনে হলে তৎসম্পর্কে পরিচালনা কমিটি প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩৭.৬ এই নীতিমালায় অনুল্লিখিত যেকোনো বিষয়ে পরিচালনা কমিটি প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩৭.৭ এই নীতিমালার যেকোনো ধারা, উপধারা পরিবর্ধন, পরিমার্জন বা সংশোধনের ক্ষেত্রে 'নির্বাহী পরিষদ' সর্বদা সর্বময় ক্ষমতা সংরক্ষণ করবে।

মহাপরিচালক
বাংলা একাডেমি, ঢাকা

বাংলা একাডেমি
বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক

পরিচালক, বিক্রয়, বিপণন ও পুনর্মুদ্রণ বিভাগ, বাংলা একাডেমি, ঢাকা কর্তৃক প্রকাশিত। বাংলা একাডেমি প্রেস, বাংলা একাডেমি, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ওয়েবসাইট : www.banglaacademy.gov.bd

প্রকাশকাল :